কবিতা/গল্প প্রকাশ

নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

ডাউনলোড "এই যুগ অ্যাপ"

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]

HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 17 MAY 2026 ,SUNDAY|১৭ মে ২০২৬ ,রবিবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-164

## ডিএম অফিসে প্রশাসনিক ও সাংগঠনিক বৈঠকে উপস্থিত রাজ্যের মন্ত্রী অগ্নিমিত্রা পাল




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,পশ্চিম বর্ধমান ,১৬ মে :** শনিবার জেলার ডিএম অফিসে প্রশাসনিক ও সাংগঠনিক গুরুত্বপূর্ণ বৈঠকে উপস্থিত ছিলেন আসানসোল দক্ষিণের বিধায়িকা তথা পুর নগরোন্নয়ন ও নারী ও শিশু কল্যাণ দফতরের মাননীয় মন্ত্রী অগ্নিমিত্রা পাল। এদিন ডিএমএস এর প্রতিনিধিদের সঙ্গে বিভিন্ন জনমুখী বিষয় নিয়ে আলোচনা করলেন রাজ্যের মাননীয় মন্ত্রী অগ্নিমিত্রা পাল।এদিন মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানান মানুষের পাশে থেকে উন্নয়নের কাজকে আরও গতিশীল করাই আমাদের প্রধান লক্ষ্য।

## ভাটিবাড়ী পুলিশের জনসংযোগ চিকলিগুড়ি এলাকায়




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ মে :** শামুকতলা থানার পারোকাটা গ্রাম পঞ্চায়েতের চিকলিগুড়ি বাজার এলাকায় পুলিশের পক্ষ থেকে জনসংযোগ করা হলো। এলাকার গ্রাম পঞ্চায়েত সদস্য থেকে শুরু করে অন্যান্য ব্যক্তিদের উপস্থিতিতে সচেতনতার বার্তা দেওয়া হয়। হেলমেট পড়ে বাইক চালাতে হবে। শিশুকে সুরক্ষা দিতে হবে। বাল্যবিবাহ রোধ হবে। নানা রকম বার্তা দেওয়া হল ভাটিবাড়ী পুলিশ ফাঁড়ির পুলিশের পক্ষ থেকে। এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার পাশাপাশি কোনরকম অপ্রীতিকর ঘটনা যেন না ঘটে সেদিকে লক্ষ্য রাখার কথা বলা হয়েছে আমজনতা কে। সাধারণ মানুষকে নিরাপত্তা দিতে তৈরি রয়েছে পুলিশ প্রশাসন বার্তা দিলেন ভাটিবাড়ীর ফাঁড়ির পুলিশ।

## বেহালার বিদ্যাসাগর হাসপাতাল পরিদর্শনে ডাঃ ইন্দ্রনীল খাঁ



**সুরজিৎ মালিক ,এই যুগ ,কলকাতা ,১৬ মে :** তৃণমূল সরকার আমলে রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার করুন ছবি রাজ্যের মানুষের অজানা নয়। নীল সাদা বিল্ডিং এ নামেই সুপার স্পেশালিটি হাসপাতাল। ভিতরের চিকিৎসা ব্যবস্থা দেখলে সাধারণ সুস্থ মানুষই অসুস্থ হয়ে যেত। তৃণমূল সরকার আমলে রাজ্যের বিভিন্ন সরকারি হাসপাতালে চিকিৎসা ব্যবস্থার দুর্নীতির অভিযোগ উঠেছে বরং বার ।দুর্নীতির পাশাপাশি কোথাও রোগী বেড এর অভাবে মাটিতে শুয়ে, কোথাও দালাল দের তোলা না দেওয়ায় রোগী হাসপাতালের গেটের বাইরে । তৃণমূল সরকারের আমলে একের পর এক দুর্নীতি তে স্বাস্থ্য পরিষেবা শেষের দিকে চলে যায় । ২০২৬ শে রাজ্যে তৃণমূল সরকারের বিদায় ঘটেছে ,এসেছে ডাবল ইঞ্জিন বিজেপি সরকার । বিভিন্ন সরকারি হাসপাতাল গুলোর স্বাস্থ্য ব্যবস্থার পরিকাঠামোর উন্নতির দিকে নজর রাজ্যের বিজেপি সরকারের। বর্তমান পরিস্থিতি খতিয়ে দেখতে শনিবার বেহালার বিদ্যাসাগর হাসপাতাল পরিদর্শন করলেন বেহালা পশ্চিম এর বিধায়ক তথা বিশিষ্ট চিকিৎসক ডাঃ ইন্দ্রনীল খাঁ । স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়ন , মাল্টি-স্পেশালিটি ও ট্রমা কেয়ারের জন্য এমএস-এর সঙ্গে সাক্ষাৎ করেন বিজেপি বিধায়ক। জানা গেছে, নির্বাচন পূর্ববর্তী সময়ে প্রতিশ্রুতি অনুসারে বেহালায় অবস্থিত বিদ্যাসাগর হাসপাতালকে ঢেলে সাজানোর রূপরেখা নিয়ে কর্তৃপক্ষের সাথে বৈঠক হয়েছে বেহালা পশ্চিম এর বিধায়ক ডাঃ ইন্দ্রনীল খাঁ এর।

## পুরসভার বিল্ডিং প্ল্যান জালিয়াতি মামলায় গ্রেফতার উদয়ন গুহ ঘনিষ্ঠ তৃণমূল নেত্রী



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১৬ মে :** দিনহাটা মহকুমার পুরসভার বিল্ডিং প্ল্যান জালিয়াতি মামলায় গ্রেফতার হলেন তৃণমূল নেত্রী মৌমিতা ভট্টাচার্য। তিনি প্রাক্তন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ ঘনিষ্ঠ ছিলেন বলেই জানা গেছে। পাশাপাশি দিনহাটা পৌরসভার ভুয়ো বিল্ডিং পাশ কাণ্ডে অভিযুক্ত নিখোঁজ দিনহাটা পৌরসভার প্রাক্তন চেয়ারম্যান গৌরীশংকর মাহেশ্বরীর বাড়িতে চলছে পুলিশি তল্লাশি।

# শান্তি শৃঙ্খলা বজায় রাখার বার্তা দিলেন কুমারগ্রামের বিধায়ক



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ মে :** শপথ গ্রহণ অনুষ্ঠান থেকে ফিরেই শান্তির বার্তা ছুড়ে দিলেন জনতাকে। বিধানসভায় শপথ গ্রহণ করে বাড়ি ফিরলেন কুমারগ্রাম এর বিধায়ক মনোজ কুমার ওরাওঁ। বিধানসভা ভোটের আগেই বিধায়কের গাড়ির উপর হামলা হয়েছিল ২০২১ সালে বিধানসভা ভোটের পর অনেক বিজেপি কর্মীকে বাড়ি থেকে পালিয়ে আসামে আশ্রয় নিতে হয়েছিল। রাজ্যে পরিবর্তন হয়েছে। বিজেপি সরকার ক্ষমতায় এসেছে তবুও তৃণমূলের হার্মাদ বাহিনীর উপর কোনরকম প্রতিশোধ নেননি কোন বিজেপি কর্মী কিংবা নেতৃত্ব। ইচ্ছে করলে অনেক কিছুই করতে পারতেন কিন্তু বিজেপি কর্মী এবং নেতৃত্বদের হিংসার রাজনীতির শেখায়নি মোদি সরকার। শনিবার কলকাতা থেকে ফিরেই নিপীড়িত মানুষের সঙ্গে দেখা করলেন কুমারগ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাওঁ।

# শামুকতলা থানার ওসি বদলি হয়ে গেলেন





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ মে :** বদলি হয়ে গেলেন শামুকতলা থানার ওসি সুমিত রাওয়াত। বিধানসভা ভোটের প্রাক্কালে শামুকতলা থানার ওসি সঞ্জীব কুমার বর্মনকে সরিয়ে দিয়ে সুমিত রাওয়াতকে ওসির দায়িত্ব দেওয়া হয়েছিল জেলা পুলিশের পক্ষ থেকে। শুক্রবার রাতে আলিপুরদুয়ার জেলা পুলিশের একটি রদ বদলের তালিকা প্রকাশিত হওয়ার পরেই জানা গেছে আলিপুরদুয়ার জেলার তিনজন ওসিকে বদল করা হয়েছে। কালচিনি থানার ওসি সুব্রত সরকার এবং শামুকতলা থানার ওসি সুমিত রাওয়াতকে পুলিশ লাইনে পাঠিয়ে দেওয়া হয়েছে। কালচিনি থানার দায়িত্ব দেওয়া হয়েছে অমিত কুমার শর্মাকে। সূত্রের খবর শামুকতলা থানার ওসি হিসেবে দায়িত্বে আসছেন আইপিএস অফিসার।

# বেহাল অবস্থা শামুকতলা হাটের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ মে :** শামুকতলা হাটের শেডগুলি ভেঙ্গে পড়ে যাচ্ছে। টিন গুলো ঝাঁঝরা হয়ে গেছে বহুদিন আগেই। শামুকতলা গরুহাটি সংলগ্ন এলাকায় গিয়ে দেখা গেল ব্যবসায়ীদের দুর্দশার হাল। উত্তরবঙ্গের বৃহত্তম হাট বলে পরিচিত শামুকতলা। প্রতি শুক্রবার হাট বসে জেলার বিভিন্ন প্রান্ত থেকে ব্যবসায়ীরা আসেন হাতে দোকান করতে। দীর্ঘদিন যাবত হাটের বেহাল অবস্থা পড়ে রয়েছে কিন্তু কোন রকম দৃষ্টি দিচ্ছেন না জেলা পরিষদের কর্মকর্তারা। প্রতি বছর হাট নিলাম হয়। গত বছর নিলাম হয়েছিল প্রায় ষাট লক্ষ টাকায় এবার নিলাম হয়েছে ৪৪ লক্ষ টাকায়। উন্নয়ন বলতে কিছু নেই শামুকতলা গরুহাটি এলাকায়। তৃণমূল পরিচালিত গ্রাম পঞ্চায়েত দপ্তরের সামনেই গরু কেনাবেচার হাট আর সেখানেই রয়েছে বেশ কয়েকটি শেড। টিনগুলো ঝাঝড়া হয়ে গেছে বহুদিন যাবত ইজারাদার থেকে শুরু করে তৃণমূল নেতাদের বলেও লাভ হয়নি। তৃণমূল পরিচালিত জেলা পরিষদের কর্মকর্তারা হাটের দিকে নজর দেন না এমনটাই অভিযোগ।



# কালচিনির বিধায়ককে ঘিরে কর্মীদের উন্মাদনা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ মে :** শপথ গ্রহণ করে কালচিনিতে ফিরলেন কালচিনি বিজেপি বিধায়ক বিশাল লামা। এদিন বারোটা নাগাদ হ্যামিল্টণগঞ্জ রেল স্টেশনে নামেন বিধায়ক বিশাল লামা। বিধায়ককে সম্বর্ধনা দেওয়ার জন্য প্রচুর বিজেপি কর্মী সমর্থক ও নেতৃত্বরা উপস্থিত ছিলেন হ্যামিল্টণগঞ্জ রেল স্টেশনে।সেখানে সবাই বিধায়ককে সম্বর্ধনা দেয়। পরবর্তীতে বাইক মিছিল করে কালচিনি বিধায়ক কার্যালয়ে পৌছায়। বিধায়ক কার্যালয়ে ও প্রচুর কর্মী সমর্থকরা বিধায়ক বিশাল লামাকে সম্বর্ধনা প্রদান করে।

# দুর্নীতিগ্রস্ত বিডিও প্রশান্ত বর্মনকে গ্রেপ্তার করা হবে বললেন বিধায়ক



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৬ মে :** শপথ গ্রহণ করে আলিপুরদুয়ারে ফিরেই যারা দুর্নিতীতে যুক্ত তাদের কড়া হুশিয়ারি দিলেন আলিপুরদুয়ার বিজেপি বিধায়ক পরিতোষ দাস। পাশাপাশি জানালেন আলিপুরদুয়ার জেলা থেকে সব থেকে বেশি সম্পত্তি যে লুট করেছে প্রাক্তন বিডিও প্রশান্ত বর্মণ সে ও গ্রেফতার হবে। এদিন শপথ গ্রহণ করে আলিপুরদুয়ারে ফেরেন আলিপুরদুয়ার বিধায়ক পরিতোষ দাস। নিউ আলিপুরদুয়ার স্টেশনে প্রচুর বিজেপি কর্মী সমর্থক তাকে সম্বর্ধনা জানায়।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |